

JAMUNABANK FOUNDATION

ইন্সট্রাকশন সার্কুলার নং-১২০/২০২২

মে ১১, ২০২২

সকল শাখা প্রধান (এসএমই/কৃষি এবং অফশোর ব্যাংকিং ইউনিটসহ)
প্রধান কার্যালয়ের সকল বিভাগীয় প্রধান
যমুনা ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয় : যমুনা ব্যাংক ফাউন্ডেশনের উদ্যোগে ও আর্থিক ব্যবস্থাপনায় ২০২০ ও ২০২১ সালে এস.এস.সি/দাখিল পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত হতদরিদ্রমেধাবী ছাত্র-ছাত্রী (প্রতিবন্ধীদের ক্ষেত্রে উত্তীর্ণ) এবং যমুনা ব্যাংকের নির্বাহী, কর্মকর্তা এবং কর্মচারীদের সন্তানদের মধ্যে যারা এস.এস.সি/দাখিল-২০২০/২১ পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে তাদের বৃত্তি ও সংবর্ধনা প্রদান অনুষ্ঠান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

শিরনামোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, হতদরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রী এবং যমুনা ব্যাংক লিমিটেডে কর্মরত নির্বাহী, কর্মকর্তা এবং কর্মচারীদের সন্তানদের মধ্যে যারা ২০২০-২১ সালের এসএসসি/দাখিল পরীক্ষায় জিপিএ-৫ পেয়ে কৃতিত্বের স্বাক্ষর রেখেছে (প্রতিবন্ধীদের ক্ষেত্রে উত্তীর্ণ) তাদের অনুপ্রানিত ও উৎসাহিত করার লক্ষ্যে যমুনা ব্যাংক ফাউন্ডেশনের উদ্যোগে বৃত্তি প্রদানের আয়োজন করা হবে।

এ মর্মে ছাত্র-ছাত্রী এবং যমুনা ব্যাংকে কর্মরত নির্বাহী, কর্মকর্তা এবং কর্মচারীদের জিপিএ-৫ প্রাপ্ত সন্তানদের পাসপোর্ট সাইজের ১ কপি ছবি এবং মার্কশিটসহ নামের তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ৩১ মে, ২০২২ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ব্যাংকিং অপারেশন ডিভিশন এ হার্ডকপি এবং ই-মেইলে (head.bod@jamunabank.com.bd) প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। তালিকা প্রেরণের জন্য বিভিন্ন পত্রিকায় প্রকাশিত তথ্য, আপনার নিকটতম শিক্ষা প্রতিষ্ঠান অথবা অন্যান্য সোর্স ব্যবহার করা যেতে পারে।

ছক 'ক'

“হতদরিদ্র মেধাবী ছাত্র ছাত্রী জিপিএ-৫ প্রাপ্তদের তালিকা”

ক্রমিক নং	ছাত্র/ছাত্রীদের নাম	পিতা/মাতার নাম ও ঠিকানা	শাখা/বিভাগের নাম	পরীক্ষার ফলাফল	মোবাইল নং
১	২	৩	৪	৫	৬

ছক 'খ'

“নির্বাহী, কর্মকর্তা এবং কর্মচারীদের জিপিএ-৫ প্রাপ্ত সন্তানদের তালিকা”

ক্রমিক নং	ছাত্র/ছাত্রীদের নাম	পিতা/মাতার নাম ও ঠিকানা	শাখা/বিভাগের নাম	পরীক্ষার ফলাফল	মোবাইল নং
১	২	৩	৪	৫	৬

উক্ত অনুষ্ঠানে যমুনা ব্যাংক লিমিটেড এর মাননীয় চেয়ারম্যান এবং যমুনা ব্যাংক ফাউন্ডেশনের সম্মানিত চেয়ারম্যান আলহাজ্ব নূর মোহাম্মদ মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

অনুষ্ঠানের সময়সূচী ও স্থান পরবর্তীতে জানানো হবে।

ধন্যবাদান্তে,

আপনাদের বিশ্বস্ত,



মির্জা ইলিয়াছ উদ্দিন আহম্মেদ

ব্যবস্থাপনা পরিচালক ও সিইও যমুনা ব্যাংক লিমিটেড

অনুলিপিঃ

- ১। মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা-এর অবগতির জন্য।
- ২। মাননীয় ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা-এর অবগতির জন্য।
- ৩। মাননীয় উপ ব্যবস্থাপনা পরিচালকগণের একান্ত সচিব, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা-এর অবগতির জন্য।
- ৪। কো-অর্ডিনেটর যমুনা ব্যাংক ফাউন্ডেশনের অবগতির জন্য।
- ৫। সিনিয়র এ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট এবং বিভাগীয় প্রধান মানব সম্পদ বিভাগ, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা-এর অবগতির জন্য।